

ভিজিডি কর্মসূচির মাধ্যমে বাংলাদেশ সরকার গ্রামের দুঃস্থ ও অসহায় মহিলাদের আগামী ২ বছরের জন্য প্রতি মাসে ৩০ কেজি করে চাল প্রদান করবেন। এবং তাদের স্বাবলম্বী করে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হবে।

আপনি যদি ২০-৫০ বছর বয়সী দুঃস্থ এবং অসহায় মহিলা হয়ে থাকেন এবং আপনার পরিবারে যদি উপার্জনক্ষম কোন পুরুষ সদস্য না থাকে তবে আজই ভিজিডির জন্য আবেদন করুন।

৩১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার অথবা স্থানীয় কম্পিউটারের দোকান থেকে অনলাইনে আবেদন করতে পারবেন। এছাড়া, ঘরে বসেই ৩৩৩ অথবা ১০৯ নম্বরে ফোন করে অথবা তথ্য আপা কর্মীদের মাধ্যমেও আবেদন করা যাবে। মনে রাখবেন, আবেদন করার জন্য অবশ্যই আপনার নিজের জাতীয় পরিচয় পত্র থাকতে হবে।